



৩০ মার্চ, ২০২২ • বুধবার • ১৭ চৈত্র, ১৪২৮ • ২৬ শাবান, ১৪৪৩ হিজরি

কলম

দ্বীনিয়াত মুয়াল্লীমা কলেজে 'পড়ার আনন্দ' শীর্ষক অনুষ্ঠান

পূর্বের কলম প্রতিবেদক: হাওড়া জেলার বাঁকড়া সরদার পাড়ায় দ্বীনিয়াত মুয়াল্লীমা কলেজে মঙ্গলবার অনুষ্ঠিত হয় 'পড়ার আনন্দ' নামক বিশেষ অনুষ্ঠান। উপস্থিত ছিলেন— কলকাতা হাইকোর্টের সিনিয়র অ্যাডভোকেট শাহাবুদ্দিন সাহেব, পশ্চিমবঙ্গ মাদ্রাসা ছাত্র ইউনিয়নের প্রাক্তন রাজ্য সম্পাদক রাকিবুল ইসলাম। শাহাবুদ্দিন সাহেব এদিন তাঁর বক্তব্যে বলেন, 'আমার দীর্ঘদিনের আকাঙ্ক্ষা পিছিয়েপড়া সংখ্যালঘু সম্প্রদায়ের মধ্যে শিক্ষার বিস্তার ও সম্প্রসার হোক। মাদ্রাসা-স্কুল ও কলেজের মেলবন্ধনে এই প্রতিষ্ঠান আগামী প্রজন্মকে দিশা দেখাবে।' তিনি আরও বলেন, এখানে ইসলামিক স্টাডিজ, হাদিস, কুরআন-এর পাশাপাশি কম্পিউটার, নিউট্রিশন, হেল্থ সায়েন্স, ম্যানেজমেন্ট ইত্যাদির শিক্ষা যেভাবে দেওয়া হয়



বক্তব্য রাখছেন অ্যাডভোকেট শাহাবুদ্দিন। উপস্থিত রয়েছেন অল ইন্ডিয়া উলামা বোর্ডের সেক্রেটারি রাকিবুল ইসলাম সহ বিশিষ্টরা।

তা বিরল। এদিন রাকিবুল ইসলাম বলেন, 'ইসলামিক শিক্ষার সঙ্গে আধুনিক শিক্ষার সমন্বয় ঘটানোয় কলেজের ট্রাস্টি বোর্ডকে সাধুবাদ জানাই। কারণ আমার মতে যুযোপযোগী জীবনমুখী ও জনমুখী শিক্ষা দেওয়ার মাধ্যমে এই কলেজ একনিষ্ঠভাবে গুরুদায়িত্ব বহন করছে।' এদিন অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন— প্রতীচী ইন্ডিয়া ট্রাস্টের গবেষক সাবির আহমেদ,

জেনারেল সেক্রেটারি সেখ হায়দার আলি, কলেজের ডিরেক্টর ও প্রিন্সিপাল মাস্টার রুহুল আমিন সাহেব, সেক্রেটারি মাওলানা হাবিবুর রহমান, চেয়ারম্যান মাসউদ রহমান, ট্রাস্টি বোর্ডের সদস্য সেখ আসফার রহমান, হাজী মহসিন হালদার প্রমুখ। পাশাপাশি হাজির ছিলেন বিভিন্ন জেলার বিশিষ্ট সমাজসেবী, শিক্ষাবিদ এবং চিন্তাবিদগণ।